ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-৩৮১১</u>

আগরতলা,১৫ নভেম্বর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘নজরদারি না থাকায় বিকল হচ্ছে লিফট,’’ এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ২ নভেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই বিষয়ে আইজিএম হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, আইজিএম হাসপাতালের ইমার্জেন্সি বিভাগের জি+৬ ভবনে মোট তিনটি লিফট রয়েছে। এর মধ্যে দুটি লিফট ইমার্জেন্সি ব্লকের নিকটবর্তী স্থানে এবং একটি লিফট ভবনের পূর্ব পাশে, অর্থাৎ ডায়ালাইসিস বা পিআইসিইউ/এনআইসিইউ দিকের পাশে অবস্থিত। এই তিনটি লিফট ২৪ ঘণ্টা সচল রাখার জন্য প্রতিটি শিফটে তিনজন লিফট অপারেটরকে আউটসোর্সিং এজেন্সির মাধ্যমে নিয়োজিত করা হয়েছে। ইমার্জেন্সি ব্লকের নিকটবর্তী দু’টি লিফটের মধ্যে একটি লিফট গত ১ নভেম্বর ২০২৫ রাত ৮টা থেকে কিছু দিন ধরে অচল ছিল। এ বিষয়ে পিডব্লিউডি এর মেকানিক্যাল ডিভিশনের সহকারী ও এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারদের অবহিত করা হয়। পরবর্তী সময়ে লিফটি মেরামত করে পুনরায় সচল করা হয়েছে।

*****